



## জাতীয় বিশ্ববিদ্যালয়

স্মারক নং- ১৬(৭৬৯)জাতী:বি:/রেজি:/অ্যাকা:/প্রফেশনাল ভর্তি/২০১৮(২)/৪২০০

তারিখ : ০৯/০৪/২০১৮

২০১৮-২০১৯ সালের মাস্টার্স (প্রফেশনাল) ভর্তি কার্যক্রমে এল এল বি ১ম পর্ব/পোস্ট গ্রাজুয়েট ডিপ্লোমা ইন জার্গালিজম/ডিপ্লোমা ইন লাইব্রেরী এন্ড ইনফরমেশন সায়েন্স/এমএসসি ইন কম্পিউটার সায়েন্স/মাস্টার অব বিজনেস্ এ্যাডমিনিস্ট্রেশন (এমবিএ)/এমবিএ ইন অ্যাপারেল মার্চেভাইজিং কোর্সসমূহের অনলাইন প্রাথমিক আবেদন ও সংশ্লিষ্ট কলেজ কর্তৃক প্রাথমিক আবেদন ফরম নিশ্চয়ন সম্পর্কিত জরুরী বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০১৮-২০১৯ সালের মাস্টার্স (প্রফেশনাল) ভর্তি কার্যক্রমে এল এল বি ১ম পর্ব/পোস্ট গ্রাজুয়েট ডিপ্লোমা ইন জার্গালিজম/ডিপ্লোমা ইন লাইব্রেরী এন্ড ইনফরমেশন সায়েন্স/এমএসসি ইন কম্পিউটার সায়েন্স/মাস্টার অব বিজনেস্ এ্যাডমিনিস্ট্রেশন (এমবিএ)/এমবিএ ইন অ্যাপারেল মার্চেভাইজিং কোর্সসমূহের অনলাইন প্রাথমিক আবেদন ১২ এপ্রিল বিকাল ৪টা থেকে শুরু হয়ে ০৬ মে ২০১৮ তারিখ রাত ১২টা পর্যন্ত চলবে। জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট থেকে অগ্রহী প্রার্থীদের উক্ত আবেদন ফরম পূরণ করে প্রাথমিক আবেদন ফি বাবদ ৩০০/- (তিনশত) টাকা সংশ্লিষ্ট কলেজে ০৭ মে ২০১৮ তারিখের মধ্যে অবশ্যই জমা দিতে হবে। এ ভর্তি কার্যক্রমের ক্লাস ০১ জুলাই ২০১৮ তারিখ থেকে শুরু হবে। ভর্তি সংক্রান্ত বিস্তারিত তথ্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে ([www.admissions.nu.edu.bd](http://www.admissions.nu.edu.bd) অথবা [nu.edu.bd/admissions](http://nu.edu.bd/admissions)) প্রদর্শিত ভর্তি নির্দেশিকা থেকে জানা যাবে।

২০১৮-২০১৯ সালের মাস্টার্স (প্রফেশনাল) কোর্সসমূহের অনলাইন আবেদন নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী সম্পন্ন করতে হবে

ক্রমিক	করণীয়	তারিখ
১।	অনলাইনে প্রাথমিক আবেদন ফরম পূরণের তারিখ: আবেদনকারীকে নির্দিষ্ট ওয়েবসাইটের ( <a href="http://www.admissions.nu.edu.bd">www.admissions.nu.edu.bd</a> অথবা <a href="http://nu.edu.bd/admissions">nu.edu.bd/admissions</a> ) Master's Tab-এ গিয়ে এমএসসি ইন কম্পিউটার সায়েন্স কোর্সের ক্ষেত্রে Apply Now (Masters prof.) অপশনে ও অন্যান্য কোর্সের ক্ষেত্রে Blank Data Entry (Masters prof.) অপশনে ক্লিক করতে হবে এবং ওয়েবসাইটে প্রদর্শিত তথ্য ছকে সংশ্লিষ্ট স্নাতক পর্যায়ে পরীক্ষার রোল নম্বর, বিশ্ববিদ্যালয়ের নাম, পাসের সন, পাঠিত কোর্স/বিষয়, ব্যক্তিগত মোবাইল নম্বর ও ই-মেইল নম্বর সঠিকভাবে এন্ট্রি দিতে হবে।	১২/০৪/২০১৮ থেকে ০৬/০৫/২০১৮
২।	সংশ্লিষ্ট কলেজে প্রাথমিক আবেদন ফরম জমা দেয়ার তারিখ: প্রার্থীর প্রিন্ট করা প্রাথমিক আবেদন ফরমটির নির্ধারিত স্থানে স্বাক্ষর করে আবেদন ফি বাবদ ৩০০/- (তিনশত) টাকাসহ সংশ্লিষ্ট কলেজে আবেদন ফরম জমা দেয়ার তারিখ	১৬/০৪/২০১৮ থেকে ০৭/০৫/২০১৮
৩।	কলেজ কর্তৃক অনলাইনে প্রাথমিক আবেদন নিশ্চয়নের তারিখ: সংশ্লিষ্ট কলেজকে অবশ্যই শিক্ষার্থীর প্রাথমিক আবেদন ফরমে প্রদর্শিত প্রার্থীর ছবিসহ সকল তথ্য যাচাই করে অনলাইনে আবেদন ফরম নিশ্চয়ন করতে হবে। ভুল তথ্য ও ছবিসহ প্রাথমিক আবেদন ফরম নিশ্চয়ন করা হলে প্রার্থীর ভর্তি বাতিল করা হবে।	১৬/০৪/২০১৮ থেকে ০৮/০৫/২০১৮
৪।	কলেজ কর্তৃক প্রাথমিক আবেদন ফি সোনালী ব্যাংক শাখায় জমা দেয়ার তারিখ: কলেজকে প্রাথমিক আবেদন ফি'র জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত অংশ [প্রতি আবেদনকারী থেকে ২০০/- (দুইশত) টাকা হারে] যে কোন সোনালী ব্যাংক শাখায় জমা দিতে হবে। এ লক্ষ্যে সংশ্লিষ্ট কলেজ Login এর মাধ্যমে Application Payment Info (Master's prof.) অপশনে ক্লিক করে Pay Slip ডাউনলোড করবে। Pay Slip এ মোট টাকার অংক লেখা থাকবে এবং এর প্রিন্ট কপি নিয়ে নিকটস্থ 'সোনালী ব্যাংক' এর যে কোন শাখায় জমা দিয়ে রশিদ সংগ্রহ করতে হবে।	১০/০৫/২০১৮ থেকে ১৫/০৫/২০১৮
<b>দৃষ্টি আকর্ষণ</b>		
২০১৮-২০১৯ সালের মাস্টার্স (প্রফেশনাল) কোর্সের ভর্তি কার্যক্রমে সংশ্লিষ্ট কলেজের ২০১৭-২০১৮ সালের ভর্তি কার্যক্রমে বরাদ্দকৃত User ID, Password এবং One Time Password (OTP) পেতে পূর্বের মোবাইল নম্বর ও ই-মেইল নম্বর বহাল থাকবে।		

স্বাক্ষরিত/-

(প্রফেসর ড. মো: আনোয়ার হোসেন)

ডিন (ভারপ্রাপ্ত)

স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র

ফোন : ৯২৯১০৭৪

ই-মেইল- [pgdeanoffice@gmail.com](mailto:pgdeanoffice@gmail.com)

স্মারক নং- ১৬(৭৬৯)জাতী:বি:/রেজি:/অ্যাকা:/প্রফেশনাল ভর্তি/২০১৮(২)/৪২০০

তারিখ : ০৯/০৪/২০১৮

অনুলিপি:

- ১। পরিচালক, তথ্য ও প্রযুক্তি (আইসিটি) দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয় (ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো)
- ২। পরিচালক (ভারপ্রাপ্ত), অর্থ ও হিসাব, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৩। পরিচালক (ভারপ্রাপ্ত) জনসংযোগ, তথ্য ও পরামর্শ দফতর, জাতীয় বিশ্ববিদ্যালয় (কল সেন্টার, ইলেকট্রনিক মিডিয়া ও দৈনিক পত্রিকায় প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো)
- ৪। সচিব, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৬। সচিব, ভাইস চ্যান্সেলর দফতর, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৭। সহকারী রেজিস্ট্রার, প্রো-ভাইস চ্যান্সেলর দফতর, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৮। অফিস কপি

উপ-রেজিস্ট্রার (মাস্টার্স প্রফেশনাল)

স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র

জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪